গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
সেকশন-২, মিরপুর, ঢাকা-১২১৬
www.dpe.gov.bd

## জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন সংক্রান্ত অংশীজনের সভা

সভাপতি : আলমগীর মুহম্মদ মনসুরুল আলম, মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর।
তারিখ : ২৮ অক্টোবর ২০২০
সময় : সকাল ৯:৩০ ঘটিকা
স্থান : মাল্টিপারপাস কনফারেন্স হল, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর।

আলোচ্য বিষয়:

১। স্বাস্থ্যবিধি মেনে অফিসে প্রবেশ;
২। কর্মক্ষেত্রে মাস্ক ব্যবহার;
৩। করোনা পরিস্থিতিতে নিরাপদে শিখন-শেখানো কার্যক্রম
৪। বিবিধ।

সভার উপস্থিতি: পরিশিষ্ট-ক- তে সংযোজিত।

মহাপরিচালক প্রাথমিক শিক্ষা অধিদপ্তর এর সভাপতিত্বে সভার কার্যক্রম শুরু করা হয়। সভার শুরুতেই তিনি জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর নাম শ্রদ্ধাসহ স্মরণ করেন। প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের বিভিন্নস্তরের কর্মকর্তা/কর্মচারী এবং অধিদপ্তরাধীন প্রকল্প সমূহের প্রকল্পপরিচালকগণ ও মাঠ পর্যায়ের প্রাথমিক শিক্ষা সংশ্লিষ্ট ব্যাক্তিবর্গ উপস্থিত ছিলেন। পরিচালক (প্রশাসন) প্রাথমিক শিক্ষা অধিদপ্তর সভা পরিচালনা করেন। সভার আলোচ্য বিষয়গুলো নিম্নরুপ:

| ক্র: নং | বিষয় | আলোচনা সিদ্ধান্ত | সিদ্ধান্ত |
|---|---|---|---|
| ১. | স্বাস্থ্যবিধি মেনে অফিসের পরিবেশের উন্নয়ন | ১। নিরাপদে দাপ্তরিক কার্যক্রম পরিচালনার লক্ষ্যে দপ্তরের প্রবেশপথেই সুরক্ষা বলয় তৈরির বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। সে ক্ষেত্রে সকল প্রতিষ্ঠানের প্রবেশ পথে জীবাণুনাশক বুথ ও জীবাণুমুক্তকরণ ট্রে (Disinfected liquid যুক্ত tray) স্থাপন, শারীরিক তাপ মাপার যন্ত্র (Thermo gun) সরবরাহ এবং কর্মকর্তা-কর্মচারীদের সার্বক্ষণিক হাত ধোয়ার বিষয়টি নিশ্চিত করার জন্য পর্যাপ্ত নিরাপদ running water সরবরাহের ব্যবস্থা নিশ্চিত করতে হবে মর্মে সভায় আলোচনা করা হয়। নিরাপদে দাপ্তরিক কার্যক্রম পরিচালনার লক্ষ্যে প্রয়োজনীয় জীবানুনাশকসহ অন্যান্য পরিচ্ছন্ন উপকরণ, মহামারি প্রতিরোধক মাস্ক সরবরাহ নিশ্চিতকরণ এবংঅফিস শুরুর পূর্বেই প্রতিদিন প্রতিটি কক্ষ, সর্বসাধারণ কর্তৃক ব্যবহৃত হয় এমন জায়গাসহ অন্যান্য জায়গার মেঝে ও ঘরের দরজার হাতল, সিঁড়ির হাতলসহ যেসব বস্তু বারবার ব্যবহৃত হয় সেসব বস্তুর তল/পৃষ্ঠ পরিষ্কার ও জীবানুমুক্ত করার বিষয়ে অংশগ্রহণকারীগণ সভায় মতামত ব্যক্ত করেন। এছাড়াও করোনা ভাইরাস মোকাবেলায় মাননীয় প্রধানমন্ত্রীর ৩১ দফা নির্দেশনা, মন্ত্রিপরিষদ বিভাগ, স্বাস্থ্য বিভাগ এবং প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় থেকে জারিকৃত বিভিন্ন নির্দেশনা-পরিপত্রের আলোকে অফিস চলাকালীন পরিচ্ছন্নতা ও স্বাস্থ্যবিধি, শারীরিক দূরত্ব বজায় সম্পর্কে বিস্তারিত সুস্পষ্ট ও সহজবোধ্য ভাষায় করণীয় ও বর্জনীয় বিষয়গুলো দৃশ্যমান একাধিক স্থানে প্রচারের বিষয়ে সভায় আলোচনা করা হয়। | ১। সকল প্রতিষ্ঠানের প্রবেশমুখে বেসিনস্থাপন/জীবানুনাশকটানেল /হ্যান্ড সেনিটাইজার//সাবান পানি রাখার ব্যবস্থা ও ব্যবহার নিশ্চিত করতে হবে।<br><br>বাস্তবায়ন:বিভাগীয় উপপরিচালক(সকল), সহকারি পরিচালক (<br>জেলা প্রাথমিক শিক্ষা অফিসার(সকল)<br>পিটিআই সুপারিনটেনডেন্ট (সকল)। |
| ২. | কর্মক্ষেত্রে মাস্ক ব্যবহার; | ২। কর্মক্ষেত্রে সকল কর্মকর্তা কর্মচারীদের যথাযথভাবে মাস্ক পরিধান এবং আগত দর্শনার্থীদের অবশ্যই মাস্ক পরিধান নিশ্চিত করার বিষয়ে সভায় আলোচনা করা হয়। এতদবিষয়ে মন্ত্রপরিষদ সচিব মহোদয়ের অনুশাসন No Mask No Entry কথাটি সকলকে স্মরণ করিয়ে দেওয়ার বিষয়টি আলোচনা আলোচনা করেন। | ২। (ক) অফিস গেটে মনিটরিং জোরদার করতে হবে।<br>(খ) অফিস চলাকালীন সময়ে সকলের মাস্ক পরিধান নিশ্চিত করতে হবে।<br>বাস্তবায়ন: দপ্তর প্রধান (সকল) |

| | | | |
|---|---|---|---|
| ৩. | করোনা পরিস্থিতিতে নিরাপদে শিখন-শেখানো কার্যক্রম পরিচালনা, | ৩। করোনা পরিস্থিতিতে নিরাপদে শিখন-শেখানো কার্যক্রম পরিচালনা, সর্বাধিক প্রান্তিক শিক্ষার্থীদের অন্তর্ভূক্তিকরণ, বিদ্যালয় বন্ধ থাকার ফলে পড়াশোনায় সৃষ্ট হওয়া ক্ষতি এবং শিক্ষা ক্ষেত্রে তৈরি হওয়া বৈষম্য নিরসনে নিরাময়মূলক পদ্ধতি এবং শিক্ষার্থীর মানসিক স্বাস্থ্য ও মনোসামাজিক চাহিদা পূরণ ইত্যাদি বিষয়ে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। এ বিষয়ে মহাপরিচালক জানান কোভিড-১৯ পরিস্থিতিতে প্রাথমিক বিদ্যালয় বন্ধ থাকায় সর্বোচ্চ সংখ্যক প্রান্তিক শিক্ষার্থীদের অন্তর্ভূক্ত করতে সংসদ টেলিভিশন ও বাংলাদেশ বেতারে "ঘরে বসে শিখি" কার্যক্রমের মাধ্যমে শ্রেণি পাঠদান অব্যহত রাখা হয়েছে। ইতোমধ্যে সংসদ টেলিভিশনে ৩০০টি এবং বাংলাদেশ বেতারে ৫৬ টি শ্রেণি পাঠদান পরিচালনা করা হয়েছে যা এখনও অব্যাহত আছে। এছাড়াও এটুআই এর সহযোগিতায় উপজেলা, জেলা ও বিভাগভিত্তিক বিভিন্ন অনলাইন প্লাটফর্মে (অনলাইন স্কুল) শ্রেণি পাঠদান কার্যক্রম অব্যহত রাখা হয়েছে। শিক্ষার্থীর সর্বোচ্চ শিখন নিশ্চিতকরণ, শিখন ঘাটতি দূরীকরণ, অত্যাবশকীয় শিখনফল নির্ধারণ এবং কনটেন্ট ম্যাপিং এর লক্ষ্যে GO-NGO Collaboration এর মাধ্যমে একটি গবেষণা পরিচালনা করা হয়েছে এবং রিকোভারী প্লান ও স্কুল রি-ওপেনিং প্লান প্রস্তুত করে মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে যা ইতোমধ্যে অনুমোদন করা হয়েছে। বিভিন্ন পর্যায়ে শিক্ষকবৃন্দ নিজ উদ্যোগে স্মার্ট ফোনের মাধ্যমে ক্লাস ধারণ করে অনলাইনে স্ব-স্ব ক্যাচমেন্ট এলাকার শিক্ষার্থীদের শেখন – শেখানো অব্যাহত রেখেছেন এবং করোনা পরিস্থিতিতে স্বাস্থ্যবিধি মেনে শিশুদের দৈনিক কার্যক্রম পরিচালনার ক্ষেত্রে পরামর্শ প্রদান করা হচ্ছে মর্মে শিক্ষকগণ সভায় অবহিত করেন। | ৩। করোনা পরিস্থিতিতে শিশুদের পাঠদান অব্যাহত রাখতে সংসদ টিভি ও বেতারে প্রচারিত শ্রেণি কার্যক্রমে অংশ গ্রহণ অভিভাবকদের মাধ্যমে শিক্ষার্থীদেরে উৎসাহী করতে হবে।অবিভাবকের মাধ্যমে শিক্ষার্থীদের স্বাস্থ্যবিধি মেনে চলার বিষয়ে সচেতন করতে হবে। বিদ্যালয় বন্ধ থাকায় বিদ্যালয়ে স্থাবর ও অস্থাবর সম্পদ সংরক্ষণ এবং যে কোন মূহুর্তে বিদ্যালয় খোলার পূর্ব প্রস্তুতি হিসেবে স্কুলভিত্তিক প্লান করা নিশ্চিত করতে হবে।<br>বাস্তবায়ন: DD, DPEO, UEO, AUEO ও সহকারি শিক্ষক (সকল)। |
| | বিবিধ | ৪। প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় থেকে বিভিন্ন সময়ে জারীকৃত নির্দেশনাসমূহ অনুসরণ করে দেশব্যাপী করোনা ভাইরাস (কোভিট-১৯) এর প্রাদুর্ভাব এবং ব্যাপক বিস্তার রোধ কল্পে সর্তকর্তামূলক ব্যবস্থা গ্রহণের বিষয়ে সভায় আলোচনা করা হয়।<br>৫। কোভিড-১৯ এ আক্রান্ত প্রাথমিক শিক্ষা অধিদপ্তরাধীন কর্মকর্তা-কর্মচারী ও শিক্ষক-শিক্ষার্থীদের হালনাগাদ তথ্য সংগ্রহ, প্রচার ও সংরক্ষণের জন্য অনলাইন প্লাটফরম "করোনা আপডেট" (http://www.nizum.org/corona/corona_live.php) উন্নয়ন ও হোস্ট করা হয়েছে যা প্রতিনিয়ত হালফিল করা হচ্ছে। এছাড়াও কোভিড-১৯ পরিস্থিতিতে প্রাথমিক শিক্ষা অধিদপ্তর কর্তৃক গৃহীত সকল কার্যক্রম, প্রয়োজনীয় সকল তথ্য, বিভিন্ন নির্দেশনা এবং সংসদ টিভি ও বেতারে প্রচারিত সকল ডিজিটাল লার্নিং কনটেন্টসমূহ সন্নিবেশিত করে একটি অনলাইন প্লাটফরম "করোনা তথ্য বাতায়ন" (http://www.nizum.org/corona2/index.html) উন্নয়ন ও প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের ওয়েবসাইটে হোস্ট করা হচ্ছে মর্মে সভায় আলোচনা করা হয়। | ৪। দেশব্যাপী করোনা ভাইরাস (কোভিট-১৯) এর প্রাদুর্ভাব এবং ব্যাপক বিস্তার রোধ কল্পে সর্তকতা মূলক ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>বাস্তবায়ন: সকল কার্যালয়ের কর্মকর্তা-কর্মচারী ও শিক্ষক। |

২। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ সমাপ্তি করেন।

আলমগীর মুহম্মদ মনসুরুল আলম
মহাপরিচালক
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
ফোন: ০২-৫৫০৭৪৭৭৭
dgprimarybd@gmail.com

স্মারক নং-৩৮.০০.০০০০.১০৭.০০৬.০৩.২০২০- ১৫৪

তারিখ: ০৮ অগ্রহায়ণ, ১৪২৭ / ২৩ নভেম্বর, ২০২০

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে :

১। অতিরিক্ত সচিব (প্রশাসন), প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়।

২। অতিরিক্ত মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর।

৩। পরিচালক (সকল), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর।

৪। সচিব মহোদয়ের একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)

৫। সিনিয়র সিস্টেম এ্যানালিস্ট (আইএমডি) ,প্রাথমিক শিক্ষা অধিদপ্তর (ওয়েবসাইটের শুদ্ধাচার বক্সে আপলোডের অনুরোধ করা হলো।

৬। বিভাগীয় উপপরিচালক (সকল), প্রাথমিক শিক্ষা, ঢাকা/ রাজশাহী/খুলনা/সিলেট/বরিশাল/রংপুর/ চট্টগ্রাম/ময়মনসিংহ বিভাগ। (অধিনস্থদের অবহিতকরণের অনুরোধ করা হলো)

৭। অফিস কপি।

২৩.১১.২০২০

মোঃ দেলোয়ার হোসেন
উপপরিচালক (সংস্থাপন)
ddestabdpe@gmail.com
ফোন: ০২-৫৫০৭৪৯২৩